

বাংলাদেশ জাতীয় জাদুঘর

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

প্রশাসন ও সংস্থাপন শাখা

শাহবাগ, ঢাকা-১০০০।

নম্বর: ৪৩.২২.০০০০.০০৪.০৪.৪৪২.২৪. ৩৫২৭

তারিখ: ২০ অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ।  
২৫ নভেম্বর ২০২৪ খ্রিষ্টাব্দ।

অফিস আদেশ

বাংলাদেশ জাতীয় জাদুঘরে অন্তর্জালভিত্তিক তথ্যতীর্থ (Website) রয়েছে। এই অন্তর্জালভিত্তিক তথ্যতীর্থ (Website)-এর দৈনন্দিন ব্যবস্থাপনা, উন্নয়ন ও কারিগরি উন্নয়নের জন্য নিম্নবর্ণিতভাবে 'তথ্যতীর্থ (Website) পর্যবেক্ষণ কমিটি' পুনর্গঠন করা হলো:

ক্রমিক	নাম, পদবি ও কর্মস্থল	কমিটিতে অবস্থান
১.	ড. সুমনা আফরোজ, উপ-কীপার (প), বাংলাদেশ জাতীয় জাদুঘর।	আহ্বায়ক
২.	জনাব রাশেদুল আলম প্রদীপ, সহকারী কীপার (ও.জা.) ও আইসিটি শাখা প্রধান, বাংলাদেশ জাতীয় জাদুঘর।	ফোকাল পয়েন্ট কর্মকর্তা
৩.	জনাব এম. এ. মালেক মিলন, উর্ধ্বতন ফটোগ্রাফার, বাংলাদেশ জাতীয় জাদুঘর।	সদস্য
৪.	জনাব মোঃ মাইনুল হাসান, সহকারী পরিকল্পনা উন্নয়ন অফিসার, বাংলাদেশ জাতীয় জাদুঘর।	সদস্য
৫.	জনাব নাজমুল হায়দার, সহকারী কীপার (প), বাংলাদেশ জাতীয় জাদুঘর।	সদস্য-সচিব

কমিটির কার্যপরিধি:

- (১) কমিটি নিয়মিত পর্যালোচনাক্রমে ওয়েবসাইটকে আকর্ষণীয় করে তোলা ও হালনাগাদ রাখার স্বার্থে প্রয়োজনীয় সকল কার্যক্রম গ্রহণ করবে;
- (২) কমিটি প্রতিমাসে একবার সভায় মিলিত হবে এবং ওয়েবসাইট হালনাগাদকরণ, পরিমার্জন, সংশোধন, প্রযুক্তিগত আধুনিকীকরণ ও সার্বিক উন্নয়নের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে;
- (৩) কমিটি বাংলাদেশ জাতীয় জাদুঘরের এপিএ/শুদ্ধাচার/ইনোভেশন/অভিযোগ প্রতিকার/তথ্য অধিকার/সিটিজেন চার্টার সম্পর্কিত তথ্য ওয়েবসাইটে আপলোডকৃত/হালনাগাদ রয়েছে কি না, তা পর্যবেক্ষণ করবে;
- (৪) কমিটি ওয়েবসাইটে তথ্য আপলোড/হালনাগাদকরণের নিমিত্ত প্রয়োজন মোতাবেক টেক্সট তৈরি, পরিমার্জন ও ইংরেজি ভাষান্তরের দায়িত্ব পালন করবে। গুরুত্বপূর্ণ তথ্যাদি মহাপরিচালকের অনুমোদনক্রমে ওয়েবসাইটে আইসিটি শাখা প্রধান আপলোড করবেন;
- (৫) কমিটি যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনপূর্বক আলোকচিত্রসহ উক্ত তথ্যসমূহ আইসিটি শাখার মাধ্যমে ওয়েবসাইটে আপলোড ও হালনাগাদকরণের দায়িত্ব পালন করবে।

০২। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।

(মোঃ আতাউর রহমান)

মহাপরিচালক

বাংলাদেশ জাতীয় জাদুঘর

ফোন: ০২-২২৩৩৬৭৬৯৩

ই-মেইল: dg@bnm.gov.bd

নম্বর: ৪৩.২২.০০০০.০০৪.০৪.৪৪২.২৪. ৩৫২৭/৩৫

তারিখ: ২০ অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ।  
২৫ নভেম্বর ২০২৪ খ্রিষ্টাব্দ।

অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

১. ..... বিভাগ ও শাখা প্রধান, বাংলাদেশ জাতীয় জাদুঘর।
২. ড. সুমনা আফরোজ, উপ-কীপার (জ), বাংলাদেশ জাতীয় জাদুঘর।
৩. জনাব রাশেদুল আলম প্রদীপ, সহকারী কীপার (ও.জা.) ও আইসিটি শাখা প্রধান, বাংলাদেশ জাতীয় জাদুঘর।
৪. জনাব মোঃ আনিচুল ইসলাম, সহকারী রসায়নবিদ, বাংলাদেশ জাতীয় জাদুঘর।
৫. জনাব নাজমুল হায়দার, সহকারী কীপার (প), বাংলাদেশ জাতীয় জাদুঘর।
৬. জনাব এম. এ. মালেক মিলন, উর্ধ্বতন ফটোগ্রাফার, বাংলাদেশ জাতীয় জাদুঘর।
৭. জনাব ফেরদৌসী আক্তার, ফিল্ম এ্যাসিস্ট্যান্ট লাইব্রেরিয়ান, শিল্পাচার্য জয়নুল আবেদিন সংগ্রহশালা, ময়মনসিংহ।
৮. জনাব মোঃ মাইনুল হাসান, সহকারী পরিকল্পনা উন্নয়ন অফিসার, বাংলাদেশ জাতীয় জাদুঘর।
৯. মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, বাংলাদেশ জাতীয় জাদুঘর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০. অন্তর্জালভিত্তিক তথ্যতীর্থ (Website)-সংক্রান্ত সংশ্লিষ্ট নথি।
১১. হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট (HRM) সংশ্লিষ্ট ডেস্ক।

(স্বাক্ষর)

(মোঃ আব্দুল কুদ্দুস)

সচিব (ব্লটিন দায়িত্ব)

বাংলাদেশ জাতীয় জাদুঘর

ফোন: ০২-৪১০৬০৩২৪

ই-মেইল: maquddus367@yahoo.com